

# **া** সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৮৫]

৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (১ হাট্টা )

পরিচ্ছেদঃ ২২৩৮, আশআরী ও ইয়ামানবাসীদের আগমন। নবী (সাঃ) থেকে আবু মুসা আশ'আরী (রাঃ) বর্ণনা করেছেন যে, আশ'আরীগন আমার আর আমিও তাদের

باب قُدُومُ الأَشْعَرِيِّينَ وَأَهْلِ الْيَمَنِ وَقَالَ أَبُو مُوسَى عَنِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هُمْ مِنِّى وَأَنَا مِنْهُمْ

### আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ زَهْدَمٍ، قَالَ لَمَّا قَدِمَ أَبُو مُوسَى أَكْرَمَ هَذَا الْحَىَّ مِنْ جَرْمٍ، وَإِنَّا لَجُلُوسٌ عِنْدَهُ وَهْوَ يَتَغَدَّى دَجَاجًا، وَفِي الْقَوْمِ رَجُلٌ جَالِسٌ، فَدَعَاهُ إِلَى الْغَدَاءِ، فَقَالَ إِنِّي رَأَيْتُهُ يَأْكُلُ شَيْئًا فَقَدْرْتُهُ. فَقَالَ هَلُمَّ، فَإِنِّي رَؤَيْتُهُ يَأْكُلُ شَيْئًا فَقَدْرْتُهُ. فَقَالَ هَلُمَّ، فَإِنِّي رَأَيْتُهُ يَأْكُلُ شَيْئًا فَقَدْرْتُهُ. فَقَالَ هَلُمَّ أُخْبِرْكَ عَنْ رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم نَفَرٌ مِنَ الأَشْعَرِيِينَ، فَاسْتَحْمَلْنَاهُ فَأَبُى أَنْ يَعْمِلْنَاهُ فَلَّالُهُ عَلَيْهِ وسلم نَفَرٌ مِنَ الأَشْعَرِيِينَ، فَاسْتَحْمَلْنَاهُ فَأَبَى أَنْ يَعْمِلْنَاهُ فَأَبَى أَنْ لَا يَحْمِلْنَاه أَنْ لاَ يَحْمِلْنَاه أَنْ لاَ يَحْمِلْنَاه أَنْ النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ يَحْمِلْنَا فَاسْتَحْمَلْنَاهُ أَنْ النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ أَتِي بِنَهْبِ إِبِلِ، فَأَمَرَ لَنَا بِخَمْسِ ذَوْد، فَلَمَّا قَبَضْنَاهَا قُلْنَا تَفَقَلْنَا النَّبِيُّ صلى الله عليه وسلم يَمِينَهُ، لاَ نُفْلِحُ بَعْدَهَا أَبَدًا فَأَتُنْتُهُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ حَلَفْتَ أَنْ لاَ تَحْمِلْنَا وَقَدْ مَالِنَا عَلَيْهُ وَلَاتُ يَوْد، فَلَمَ لَنَا بَوْمُ مَنْ الله إِنَّكَ حَلَفْتَ أَنْ لاَ تَحْمِلْنَا وَقَدْ مَالِنَا عَلَيْهُ وَلَٰكُ مَنْ اللّهِ إِنَّكَ حَلَقْتَ أَنْ لاَ تَحْمِلْنَا وَقَدْ مَالِكُولُ اللّهِ إِنَّكَ حَلَفْتَ أَنْ لاَ تَحْمِلُنَا وَقَدْ مُلْنَا النَّهِ إِنَّا مَنْ الله عَليه حَمَلْنَا وَقَدْ وَكُنْ لاَ أَحْلُفُ عَلَى يَمِينٍ فَأَرَى عَيْرَهَا خَيْرًا مِنْهَا إِلاَّ أَتَيْتُ النَّذِي

#### বাংলা

808৩। আবূ নুআইম (রহঃ) ... যাহদাম (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আবূ মূসা (রাঃ) এ এলাকায় এসে জারম গোত্রের লোকদেরকে মর্যাদাবান করেছেন। একদা আমরা তাঁর কাছে বসা ছিলাম। এ সময়ে তিনি মুরগীর মাংস দিয়ে দুপুরের খানা খাচ্ছিলেন। উপস্থিতিদের মধ্যে এক ব্যাক্তি বসা ছিল। তিনি তাকে খানা খেতে ডাকলেন। সে বলল, আমি মুরগীকে একটি (খারাপ) জিনিস খেতে দেখেছি। এ জন্য খেতে আমার অরুচি লাগছে। তিনি বললেন, এসো। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মুরগী খেতে দেখেছি। সে বলল, আমি শপথ করে ফেলেছি যে, এটি খাবো না। তিনি বললেন, এসে পড়ো। তোমার শপথ সম্বন্ধে আমি তোমাকে জানাচ্ছি



যে, আমরা আশ'আরীদের একটি দল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে এসে তাঁর কাছে সাওয়ারী চেয়েছিলাম। তিনি আমাদেরকে সাওয়ারী দিতে অস্বীকার করলেন। এরপর আমরা (পূনরায়) তাঁর [রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর] কাছে সাওয়ারী চাইলাম।

তিনি তখন শপথ করে ফেললেন যে, আমাদেরকে তিনি সাওয়ারী দেবেন না। কিছুক্ষন পরেই রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গনীমতের কিছু উট আনা হল। তিনি আমাদেরকে পাঁচটি করে উট দেয়ার আদেশ দিলেন। উটগুলো হাতে নেয়ার পর আমরা পরস্পর বললাম, আমরা রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর শপথ থেকে অমনোযোগী করে ফেলছি (এবং উট নিয়ে যাচ্ছি) এমন অবস্থায় কখনো আমরা কামিয়াব হতে পারবো না। কাজেই আমি রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললাম, ইয়া রাসূলাল্লাহ! আপনি শপথ করেছিলেন যে, আমাদের সাওয়ারী দেবেন না। এখনতো আপনি আমাদের সাওয়ারী দিলেন। তিনি বললেন, নিশ্চয়ই। তবে আমার নিয়ম হল, আমি যদি কোন ব্যাপারে শপথ করি আর এর বিপরীত কোনটিকে এ অপেক্ষা উত্তম মনে করি তাহলে (শপথকৃত ব্যাপার ত্যাগ করি) উত্তমটিকেই গ্রহন করে নেই।

## **English**

#### Narrated Zahdam:

When Abu Musa arrived (at Kufa as a governor) he honored this family of Jarm (by paying them a visit). I was sitting near to him, and he was eating chicken as his lunch, and there was a man sitting amongst the people. Abu Musa invited the man to the lunch, but the latter said, "I saw chickens (eating something (dirty) so I consider them unclean." Abu Musa said, "Come on! I saw the Prophet (ﷺ) eating it (i.e. chicken)." The man said "I have taken an oath that I will not ea (chicken)" Abu Musa said." Come on! I will tell you about your oath. We, a group of Al-Ash`ariyin people went to the Prophet and asked him to give us something to ride, but the Prophet (ﷺ) refused. Then we asked him for the second time to give us something to ride, but the Prophet (ﷺ) took an oath that he would not give us anything to ride. After a while, some camels of booty were brought to the Prophet (ﷺ) and he ordered that five camels be given to us. When we took those camels we said, "We have made the Prophet (ﷺ) forget his oath, and we will not be successful after that." So I went to the Prophet (ﷺ) and said, "O Allah' Apostle! You took an oath that you would not give us anything to ride, but you have given us." He said, "Yes, for if I take an oath and later I see a better solution than that, I act on the later (and gave the expiation of that oaths"



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যাহদাম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন